দৈনিক খবর

তারিখ 06 FEB 1993
পৃষ্ঠা 4 কলাম ৩

# চলতি অর্থবছরের বাজেটে শিক্ষাখাতে সর্বাধিক বরাদ্দ দেয়া হয়েছে

—এম কে আনোয়ার

সানারপাড় (নারায়ণগঞ্জ), ৪ঠা ফেব্রুয়ারী।—বাণিজ্যমন্ত্রী এম কে আনোয়ার বলেন, বর্তমান গণতান্ত্রিক সরকার দেশের বিপুল জনগোষ্ঠীকে কর্মী বাহিনীতে পরিণত করার জন্য চলতি অর্থ বছরের বাজেটে শিক্ষাখাতে সর্বাধিক অর্থ বরাদ্দ করেছে। তিনি বলেন, দেশের শিক্ষার হার বৃদ্ধি করার লক্ষ্যে সকল বালক বালিকার জন্য প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করা হয়েছে।

তিনি আজ নারায়ণগঞ্জ জেলার অন্তর্গত সানারপাড় শেখ মোরতোজা আলী হাইস্কুলের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

স্কুলের ব্যবস্থাপনা পরিষদের প্রতিষ্ঠাতা সভাপতি আলহাজ্ব শেখ মোরতাজা আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সাধারণ বীমা কর্পোরেশনের পরিচালক সিরাজুল ইসলাম, স্কুলের প্রধান শিক্ষক আজিজুর রহমান ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ বক্তৃতা করেন।

বাণিজ্যমন্ত্রী বলেন, শান্তি ও স্থিতিশীলতা যে কোন উন্নয়ন কর্মকান্ড সুষ্ঠুভাবে বাস্তবায়নের পূর্বশর্ত। তিনি বলেন, বেগম খালেদা জিয়ার নেতৃত্ব বর্তমান সরকার জনগণ কর্তৃক ভোটে নির্বাচিত হয়ে ক্ষমতাসীন হবার পর একের পর এক উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত করে চলেছেন।

জনাব আনোয়ার দুঃখ প্রকাশ করে বলেন যে, গত নির্বাচনে পরাজিত হবার পর থেকে বিরোধী দলের একটি অংশ দেশের উন্নয়ন প্রচেষ্টাকে পদে পদে বাধা দিয়ে চলেছে। জনগণ কর্তৃক প্রত্যাখ্যাত হবার পর এসব বিরোধী নেতৃবৃন্দ জনগণের কষ্টার্জিত গণতন্ত্রকে নস্যাৎ করার জন্য একের পর এক চক্রান্ত করে চলেছে। তিনি এসব নেতৃবৃন্দের মিষ্টি কথায় বিভ্রান্ত না হবার জন্য জনগণের প্রতি আহবান জানান।

পরে বাণিজ্যমন্ত্রী বিভিন্ন খেলাধূলা ও পরীক্ষায় কৃতি ছাত্র-ছাত্রীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। তথ্য বিবরণী।